

দরিদ্র মায়েদের নিরাপদ প্রসব ও গর্ভকালীন পুষ্টি সরবরাহ নিশ্চিত করার জন্য সরকারের মা ও শিশু সহায়তা ভাতা কর্মসূচি চালু রয়েছে

ভাতা পাওয়ার শর্তাবলী :

- ২০ বছরের উপরে বয়সী নারী প্রথম বা ২য় গর্ভধারণকালীন সময় যেকোন একবার এ ভাতা পাওয়ার জন্য বিবেচিত হবেন;
- ১ম ও ২য় গর্ভের সন্তান গর্ভাবস্থায় বা জন্মের ৩য় বছরের মধ্যে মারা গেলে তয় গর্ভধারণকালে তিনি এ ভাতা প্রাপ্য হবেন;
- দরিদ্র গর্ভবতী নারী যাদের মাসিক আয় ৫০০০ টাকার কম তারা অগ্রাধিকার পাবেন।



ভাতার হার : ৮০০/= (মাসিক হারে) তিন বছর ব্যাপী

বিতরণ পদ্ধতি :

- ব্যাংকের মাধ্যমে টাকা উত্তোলন করা হয় অথবা উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা যৌথভাবে ভাতা বিতরণ করেন;
- গর্ভধারণ অবস্থায় গর্ভপাত ঘটলে গর্ভপাত পরবর্তী ৩মাস পর্যন্ত ভাতা অব্যাহত থাকবে; সন্তান জন্মগ্রহণের পর ৩৬ মাসের মধ্যে মারা গেলে সংশ্লিষ্ট মা ৩৬ মাস পূর্ণ হওয়ার অবশিষ্ট সময়টাতে ভাতা পাবেন;
- এ সম্পর্কে বিস্তারিত তথ্য জানতে সংশ্লিষ্ট ইউনিয়নে যোগাযোগ করুন।

অভিযোগ নিরসন : বাছাইকালে বা পরবর্তীতে কোন সমস্যা পরিলক্ষিত হলে বা শর্ত পূরণ না করে বাছাই করলে প্রথমে ইউনিয়ন কমিটি পরে আপত্তি নিষ্পত্তির জন্য উপজেলা কমিটির নিকট অভিযোগ দাখিল করতে পারেন।

প্রচার সহযোগিতায় :

বীরকেন্দার ইউনিয়ন পরিষদ, নাগরিক সহায়তা কমিটি, রেস্পন্সিবল প্রকল্প
লাইট হাউস ও মানুষের জন্য ফাউন্ডেশন